গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
করিমগঞ্জ, কিশোরগঞ্জ।

খাদ্যবান্ধব ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি

এতদ্বারা করিমগঞ্জ উপজেলার প্রতিষ্ঠিত খাদ্যশস্য ব্যবসায়ীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, খাদ্যবান্ধব কার্যক্রমের আওতায় খাদশস্য বিতরণের জন্য করিমগঞ্জ উপজেলার **গুণধর ইউনিয়নে ০১(এক) জন** এবং **সুতারপাড়া ইউনিয়নে ০১(এক) জন** মোট ০২(দুই) জন ডিলার নিয়োগ করা হবে। এ লক্ষ্যে করিমগঞ্জ উপজেলার আগ্রহী খাদ্যশস্য ব্যবসায়ীদের আগামী ২৫/০৭/২০২০ খ্রিঃ তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর অফিসে নিম্নবর্ণিত শর্তাবলী স্বাপেক্ষে উপজেলা নির্বাহী অফিসার, করিমগঞ্জ, কিশোরগঞ্জ বরাবর আবেদন দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

ডিলারের যোগ্যতা/শর্তাবলীঃ

১। আবেদনকারীকে বাংলাদেশের নাগরিক হতে হবে এবং কমপক্ষে ১৮(আঠার) বছর বয়স হতে হবে(নাগরিকত্ব সনদ ও জন্ম নিবন্ধন সনদ দিতে হবে)।

২। আবেদনকারীকে সংশ্লিষ্ট ইউনিয়নের হাল সনের ট্রেড লাইসেন্স সত্যায়িত ফটোকপি দিতে হবে।

৩। আবেদনের সহিত ০৪(চার) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রংগিন ছবি সংযুক্ত করতে হবে।

৪। শাস্তিপ্রাপ্ত, কালো তালিকাভুক্ত, বাতিল বা সাময়িকভাবে বরখাস্ত ব্যক্তি,জনপ্রতিনিধি, সরকারী কর্মকর্তা/কর্মচারী ডিলার হিসেবে অযোগ্য বিবেচিত হবে।

৫। আবেদনকারীকে ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট দিতে হবে এবং মালামালের হিসাব সংরক্ষণে সক্ষম হতে হবে।

৬। আবেদনকারীকে জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি দিতে হবে।

৭। আবেদনকারীর কমপক্ষে ১৫(পনের) মেঃটন ধারণ ক্ষমতার মেঝে পাকা দোকান ঘর থাকতে হবে এবং দোকানের দলিল/ভাড়ার চুক্তিনামার সত্যায়িত ফটোকপি দিতে হবে।

৮। নিয়োগের জন্য মনোনীত ডিলারকে ৩০০(তিনশত) টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পের মাধ্যমে অঙ্গীকারনামা এবং জামানত হিসেবে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, করিমগঞ্জ, কিশোরগঞ্জ বরাবরে ২০,০০০(বিশ হাজার) টাকার ফেরৎযোগ্য পে-অর্ডার আকারে জমা দিতে হবে।

৯। নিয়োগকৃত ডিলারকে অবশ্যই খাদ্য বিভাগের লাইসেন্স নিতে হবে।

১০। একই ব্যক্তি খাদ্য বিভাগের একাধিক ক্ষেত্রে ডিলার হতে পারবে না।

স্বাঃ/-
(মোহাম্মদ খলিলুর রহমান)
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
করিমগঞ্জ, কিশোরগঞ্জ।
তারিখঃ ১২/০৭/২০২০ খ্রিঃ।

স্মারক নং-১৩.০২.৪৮৪২.০০৪.৫৭.০০১.২০.২৯৩(০৬)
অনুলিপিঃ সদয় অবগতি/ অবগতির জন্য।

১। মাননীয় সংসদ সদস্য, কিশোরগঞ্জ-৩ (করিমগঞ্জ-তাড়াইল)
২। জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।
৩। জেলা খাদ্য নিয়ন্ত্রক, কিশোরগঞ্জ।
৪। উপজেলা পরিষদ চেয়ারম্যান, উপজেলা পরিষদ, করিমগঞ্জ, কিশোরগঞ্জ।
৫। উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা খাদ্যবান্ধব কমিটি, করিমগঞ্জ, কিশোরগঞ্জ।
৬। উপজেলা..... কর্মকর্তা ও সদস্য, উপজেলা খাদ্যবান্ধব কমিটি, করিমগঞ্জ, কিশোরগঞ্জ।
৭। জনাব মোঃ দেলোয়ার হোসেন দুলাল, সদস্য, উপজেলা খাদ্যবান্ধব কমিটি, করিমগঞ্জ, কিশোরগঞ্জ।
৮। নোটিশ বোর্ড।

১২/০৭/২০২০
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
করিমগঞ্জ, কিশোরগঞ্জ।